

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
মাদ্রাসা শাখা-২  
www.tmed.gov.bd

নং- ৫৭.০০.০০০০.০৮৫.০১৮.৩৭.১৭-৬৪৭


তারিখঃ ০১ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ  
১৬ অক্টোবর ২০১৭খ্রিস্টাব্দ

বিষয়: আগামী ২২ অক্টোবর ২০১৭খ্রি: তারিখে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ‘জাতীয় নিরাপদ সড়ক দিবস’ এর কর্মসূচি পালন প্রসংগে।

সূত্র: ৩৫.০০.০০০০.০২০.০২২.০৩২.১৭.৪৪৬, তারিখ: ০৯ অক্টোবর ২০১৭খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে প্রতিবছর ২২ অক্টোবর তারিখে সরকার ‘জাতীয় নিরাপদ সড়ক দিবস’ হিসেবে ঘোষণা করেছে। এ বছর ২২ অক্টোবর ২০১৭খ্রি: তারিখে জাতীয় নিরাপদ সড়ক দিবস প্রথমবার সরকারিভাবে পালন করা হবে। দিবসটির এ বছরের প্রতিপাদ্য হচ্ছে “সাবধানে চালাবো গাড়ি, নিরাপদে ফিরবো বাড়ি”। দিবসের কর্মসূচি চূড়ান্তকরণের লক্ষ্যে গত ০২-১০-২০১৭খ্রি: তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ঢাকায় কেন্দ্রীয় এবং জেলা পর্যায়ে দিবসটি পালনের জন্য কর্মসূচি চূড়ান্ত করা হয়। গৃহিত কর্মসূচির মধ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় নিরাপদ সড়ক দিবস উপলক্ষে আলোচনা ও সচেতনতামূলক অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গৃহিত হয়েছে।

২। এমতাবস্থায়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ সংশ্লিষ্ট বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ২২ অক্টোবর জাতীয় নিরাপদ সড়ক দিবস, ২০১৭খ্রি: উপলক্ষে ছাত্র-ছাত্রীদেরকে সম্পূর্ণ করে অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে দিবসটি সুষ্ঠু ও যথাযথভাবে উদযাপনের নিমিত্ত সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

  
(মো: আবদুল খালেক)  
সহকারী সচিব  
ফোন: ৯৫৪৯৩৯৬

**বিতরণ:**

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশি বাজার, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।

**অনুলিপি:**

- ১। ড. মো:কামরুল আহসান, যুগ্ম-সচিব, বিআরটিএ সংস্থাপন শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবাহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপসচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।  
(পত্রটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হ'ল)
- ৬। অতিরিক্ত সচিব (মাদ্রাসা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। যুগ্ম-সচিব (মাদ্রাসা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। অফিস কপি।